

স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ শীর্ষক কর্মপরিকল্পনা


বাংলাদেশ সরকারের অধিকার ২০৪১ সালের মধ্যে উন্নত রাষ্ট্র বিনির্মাণে এবং স্মার্ট বাংলাদেশ লক্ষ্যমাত্রা নিশ্চিতকল্পে বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা) বিভিন্ন সেবাকে অগ্রাধিকারপূর্বক চালু করার লক্ষ্যে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করছে। দেশের জ্বালানি নিরাপত্তা নিশ্চিতকল্পে এবং দেশের গ্যাস সেक्टरকে আরো আধুনিকভাবে গড়ে তোলার প্রত্যয়ে সময়োপযোগী সিদ্ধান্ত গ্রহণে ও দাপ্তরিক কার্যক্রমে জবাবদিহিতা নিশ্চিতকরণে পেট্রোবাংলা এবং এর আওতাধীন কোম্পানিসমূহে নানাবিধ কম্পিরিকল্পনা গ্রহণ করছে। স্মার্ট বাংলাদেশ গড়ার মূল ৪(চার) ভিত্তি নিম্নরূপ:

- ১) স্মার্ট নাগরিক;
- ২) স্মার্ট অর্থনীতি;
- ৩) স্মার্ট সরকার;
- ৪) স্মার্ট সমাজ;

দেশের প্রাথমিক জ্বালানির মূল কার্যক্রম পেট্রোবাংলা সম্পাদন করে থাকে। দেশের প্রাথমিক জ্বালানির সৃষ্টি প্রয়োগের মাধ্যমে স্মার্ট বাংলাদেশ লক্ষ্যমাত্রা অর্জনে পেট্রোবাংলা নিম্নোক্ত কর্মপরিকল্পনা গ্রহণের উদ্যোগ নিয়েছে:

ক্রম.	উদ্যোগের নাম	সংস্থার নাম	মন্ত্রণালয়/ বিভাগ	স্বল্পমেয়াদী (Short-term) জানু'২৪ – ডিসে'২৪	মধ্যমেয়াদী (Mid-term) জানু'২৫ – ডিসে'৩০	দীর্ঘমেয়াদী (Long-term) জানু'৩১ – ডিসে'৪১
১।	গ্যাস উৎপাদন, আমদানি, সঞ্চালন ও বিতরণ প্রান্তে সরবরাহকৃত গ্যাসের সঠিক পরিমাপ নিরূপণে অফটেক/ইনটেক/অফ-ট্রান্সমিশন পয়েন্টে মিটারিং ব্যবস্থা বাস্তবায়ন।	বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)	জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ	✓	✓	-
২।	গ্যাস বিতরণ কোম্পানিসমূহ-এর আবাসিক শ্রেণির মিটারবিহীন গ্রাহকদের আঙিনায় স্মার্ট প্রি-পেইড মিটার স্থাপন।			✓	✓	-
৩।	গ্যাস বিতরণ নেটওয়ার্কের স্থাপনা ও পাইপলাইনসমূহ SCADA এবং GIS এ অন্তর্ভুক্তকরণ।			✓	✓	-
৪।	পেট্রোবাংলার আওতাধীন গ্যাস বিতরণ কোম্পানির সঞ্চালন ও বিতরণ ব্যবস্থার Automation সম্পন্নকরণ।			-	✓	✓
৫।	Clean Development Mechanism (CDM) প্রকল্পের মাধ্যমে গ্যাস লিকেজ চিহ্নিতকরণ এবং লিকেজ মেরামত কার্যক্রম জোরদারকরণ।			✓	✓	-





ক্রম.	উদ্যোগের নাম	সংস্থার নাম	মন্ত্রণালয়/ বিভাগ	স্বল্পমেয়াদী (Short-term) জানু'২৪ – ডিসে'২৪	মধ্যমেয়াদী (Mid-term) জানু'২৫ – ডিসে'৩০	দীর্ঘমেয়াদী (Long-term) জানু'৩১ – ডিসে'৪১
৬।	গ্যাস লিকেজ হ্রাসকরণ, Energy Transition এবং Energy Efficiency বৃদ্ধির লক্ষ্যে Carbon Abatement of the Oil and Gas Value Chain শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্প বাস্তবায়ন।	বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)	জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ	-	✓	-
৭।	দেশের জ্বালানী নিরাপত্তা নিশ্চিতকল্পে ২ডি/৩ডি সাইসমিক সার্ভে কার্যক্রম পরিচালনা, নতুন কুপ খনন, কুপ ওয়ার্ক-অভারসহ বিভিন্ন প্রকল্প গ্রহণ এবং বঙ্গোপসাগরে গভীর সমুদ্রাঞ্চল (Off-Shore) হতে গ্যাস উত্তোলনের লক্ষ্যে মডেল পিএসসি-এর আলোকে কার্যক্রম পরিচালনা। এছাড়া, সরকারি ও বেসরকারি পর্যায়ে LNG আমদানি চুক্তিসহ অন্যান্য কার্যক্রম জোরদারকরণ।			✓	✓	✓
৮।	জীবাশ্ম জ্বালানীর উপর নির্ভরশীলতা হ্রাসকরণ এবং Fossil Fuel এর বিকল্প হিসেবে Clean Energy হিসেবে Hydrogen Fuel ব্যবহারের সম্ভাব্যতা যাচাইকরণ।			-	✓	✓
৯।	পেট্রোবাংলা এবং এর আওতাধীন ১৩টি কোম্পানির জন্য সমন্বিত ১টি EnterPrise Resource Planning (ERP) বাস্তবায়ন।			-	✓	✓
১০।	তথ্যের নিরাপত্তায় Cyber Security কার্যক্রম বাস্তবায়ন।			-	✓	-
১১।	মোবাইল ফ্যাইন্যান্সিয়াল সিস্টেম এবং বিভিন্ন ডেবিট/ক্রেডিট কার্ড-এর মাধ্যমে গ্যাস বিল পরিশোধ ব্যবস্থা এবং গ্যাস বিলের হালনাগাদ তথ্য ও প্রত্যয়নপত্র সংগ্রহ ব্যবস্থা চালুকরণ।			✓	-	-
১২।	স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মপরিকল্পনা বাস্তবায়নে সভা/কর্মশালা/প্রশিক্ষণ আয়োজন এবং দেশে ও বিদেশে বিভিন্ন কার্যক্রম সরেজমিনে পরিদর্শন।			✓	✓	-

হাসনা
২৪.০১.২৪
মোঃ হাসনাত-ই-রাকী
উপ-ব্যবস্থাপক (আইটি)

সিরাজুম মুনিরা
২৪.১.২৪
ব্যবস্থাপক (ফাইন্যান্সিয়াল ম্যানেজমেন্ট)

আ.স.ম. আব্দুর রব
২৪.১.২৪
ব্যবস্থাপক (সেবা)

মোহাঃ মাহমুদুল হাসান
২৪.১.২৪
উপ-মহাব্যবস্থাপক (নির্মাণ)

শামীম হাসান
২৪.১.২৪
মহাব্যবস্থাপক (নিরীক্ষা)